

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৭২২

পানিসাগর, ১৮ নভেম্বর, ২০২৩

পানিসাগর ব্লকভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং পানিসাগর পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে গতকাল পানিসাগর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। বিলখে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত উৎসবের উদ্বোধন করেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষীকান্ত দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য মৌসুমী দেবনাথ, বিলখে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জীবন দেবনাথ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ। সভাপতিত্ব করেন বিলখে গ্রাম পঞ্চায়েতের প্রধান লিপি রানী দাস। অনুষ্ঠানে উদ্বোধক সহ অন্যান্য অতিথিগণ যুব উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক নবব্রত দত্ত। উৎসবে ব্লক এলাকার শিল্পীরা লোকসংগীত, লোকনৃত্য, ফটোগ্রাফি, হস্তকারু শিল্প, বয়ন শিল্প ইত্যাদি বিভাগের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*